

‘এবং মজ্জা’-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত
তালিকার অন্তর্ভুক্ত। ভারতীয় ভাষায় পত্রিকা ক্রমিক নং-৯৬, ২০১৯।

এবং মজ্জা

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২১ তম বর্ষ, ১১৫ সংখ্যা, ডিসেম্বর, ২০১৯

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

'Ebong Mahua'--UGC - CARE Approved listed Journal.
Journal Serial No.--96 (Indian Languages out of 114), Bengali, Faculty of

Arts journal Serial No.--32

EBONG MAHUA

Bengali Language, Literature and Research Journal

21th Year, 115 Volume

December,2019

Published By

K. K. Prakashan

Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.

DTP and Printed By

K.K.Prakashan

Cover Designed By

Kohinoorkanti Bera

Midnapur

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com /

kohinoor bera @ gmail.com

Rs 500

৫০. চুক্তিবদ্ধ শ্রমিক-একটি সংক্ষিপ্ত ইতিহাস	
::ড. শুভঙ্কর সেনগুপ্ত.....	৩৭১
৫১. খুচরো ব্যবসায় বৈদেশিক বিনিয়োগের কিছু তাত্ত্বিক দিক- একটি বিশ্লেষণাত্মক আলোচনা	
::ড. শুভব্রত চক্রবর্তী.....	৩৭৯
৫২. শ্রীমদ্ভগবদ্গীতায় আত্মসংযম	
::ড. শান্তনু মণ্ডল.....	৩৮৭
৫৩. সমানাধিকার ও বিংশ শতকের মুসলমান মহিলা	
::ড. মিতা বিশ্বাস.....	৩৯৩
৫৪. সৌন্দর্য চর্চার বিবর্তন : দর্শনে ও সাহিত্যে	
::ড. অজয়কুমার দাস.....	৩৯৭
৫৫. জীবনানন্দ দাশের কাব্যে মানুষের আত্মিক সঙ্কটের চিত্র	
::ড. হারাধন দাস.....	৪১৪
৫৬. বাংলা ও হিন্দি কথাসাহিত্যিক তারাশঙ্কর (১৮৯৮-১৯৭১) ও ফণীশ্বরনাথ (১৯২১-৭৭) রেণুর জীবনী ও শিল্পকর্মের তুলনাত্মক মূল্যায়ণ	
::ড. তপন কুমার খাঁড়া.....	৪১৭.
৫৭. অনন্যদাশঙ্করের 'রঙ্গ ও শ্রীমতী' : এক ব্যতিক্রমী প্রেমের উপাখ্যান	
::ড. রথীন কুমার পাল.....	৪৩০
৫৮. প্রাবন্ধিক অমূল্যচরণ বিদ্যাভূষণ : এক আলোচনা	
::ড. নির্মল কুমার বর্মণ.....	৪৩৫
৫৯. ফিরে দেখা বিদ্যাসাগর : বঙ্গদেশে সংস্কৃত প্রসারে ভূমিকা	
::ড. সুদীপ চক্রবর্তী.....	৪৩৮
৬০. বৈষ্ণব দর্শন	
::ড. বিশ্বেশ্বর পাণিগ্রাহী.....	৪৪৩
৬১. রবীন্দ্রকাব্যের রূপ ও রূপান্তর	
::ড. ইন্দ্রমাধব দাস.....	৪৪৯
৬২. কিশোরসাহিত্যে ভৌতিক ও অলৌকিক কাহিনি :সেকাল-একাল	
::ড. ললিতা রায়.....	৪৫৪
৬৩. শ্রীমদ্ভগবদ্গীতার অনুবন্ধ চতুষ্টয়	
::ড. কৃষ্ণপদ দাস অধিকারী.....	৪৬৮
৬৪. বনফুলের 'হাটে বাজারে' : প্রসঙ্গ চিকিৎসা বিজ্ঞান	
::ড. সরোজ কুমার পান.....	৪৭৩
৬৫. বর্ণপরিচয় : বিদ্যা শিক্ষার হাতিয়ার	
::ড. মনোজ মণ্ডল.....	৪৯১

প্রাবন্ধিক অমূল্যচরণ বিদ্যাভূষণ : এক আলোচনা

ড.নির্মল কুমার বর্মণ

অমূল্যচরণ বিদ্যাভূষণ ছিলেন ২৬টি ভাষার দক্ষতা অর্জনকারী সুপণ্ডিত মনীষী। ১৮৭৭সালে ৪ঠা এপ্রিল জন্মগ্রহণ করেছিলেন। বহু ভাষাবিদ ও প্রখ্যাত শিক্ষক হিসাবে পরিচিতির পাশাপাশি ‘ভারতবর্ষ’ মাসিক পত্রিকার যুগ্ম সম্পাদক হিসাবে সুনাম অর্জন করেছিলেন। এছাড়াও দক্ষতার সাথে ‘বাণী’, ‘ইণ্ডিয়ান একাদেমি’, ‘পঞ্চপুষ্প’ ইত্যাদি পত্রিকার প্রত্যক্ষ সম্পাদনার সুনিপুণ দায়িত্ব যত্ন সহকারে পালন করেছেন। অমূল্যচরণ মূলত প্রাবন্ধিক হিসাবে ও সুনাম অর্জন করেছেন। তাঁর কৌলিক পদবী ঘোষ মজুমদার, পরে বারানসী বা কাশীতে সংস্কৃত সাহিত্যে উচ্চশিক্ষা গ্রহণ করে শিক্ষান্তে ‘বিদ্যাভূষণ’ উপাধি লাভ করে বাংলার সারস্বত সমাজকে ধন্য করেছেন।

অমূল্যচরণ বাড়িতে মৌলবীদের কাছে উর্দু ও ফরাসী ভাষা কলায়ত্ন করেছিলেন। জেনারেল অ্যাসেমব্লিজের ভাষা সাহিত্যের সুপণ্ডিত শিক্ষক এডওয়ার্ডের পরামর্শে গ্রীকভাষা শিক্ষালাভে আগ্রহী হন। তিনি ফারসি, রুশ, লাতিন, জাপানি ইত্যাদি বিদেশী ও দেশী মিলিয়ে মোট ছাব্বিশটি ভাষায় বিচক্ষণ ছিলেন।

অমূল্যচরণ বিদ্যাভূষণ কেবলমাত্র ভাষা নয়, বিভিন্ন বিষয়ে তাঁর প্রবল আগ্রহ ছিল। ভাষাতত্ত্ব, নৃতত্ত্ব, লিপিতত্ত্ব, সাহিত্য, ইতিহাস, প্রত্নবিদ্যা, ধর্মতত্ত্ব প্রভৃতি ভাবনায় তাঁর বিশাল ব্যুৎপত্তির ব্যাপক প্রকাশ তাঁর রচনা সামগ্রীতে প্রতিফলিত।

ফলতঃ ১৮৯৭সালে বিভিন্ন ভাষায় চিঠিপত্র অনুবাদের জন্য ‘ট্রানস্লেটিং ব্যুরো’ এবং ভারতবর্ষে প্রথম বিদেশী ভাষার প্রসারের জন্য ১৯০১ সালে এডওয়ার্ড ইনস্টিটিউশান প্রতিষ্ঠা করেছিলেন। তিনি তাঁর সহজাত শিল্প সৃষ্টির সহায়তায় জ্ঞানবাহী প্রবন্ধের ভাবকেও অপেক্ষাকৃত আকর্ষণীয় ও রসমধুর করে তুলেছিলেন। তাঁর প্রবন্ধ সাহিত্যের ভাষা ও অপূর্ব লাভণ্যময়ী ও অনিন্দ্যসুন্দর। তাই ১৯০৬-০৭ সালে ন্যাশান্যাল কাউন্সিল অফ এডুকেশান এর বাংলা, পালি, জার্মান ও ফ্রেঞ্চ ভাষার অধ্যাপক হিসাবে নিয়োজিত হয়েছিলেন।

অমূল্যচরণের সফলতম সম্পাদক পারদর্শিতা সর্বজন প্রশংসনীয়, তাই ‘ভারতবর্ষ’ নামক বহুল প্রচারিত মাসিক সাহিত্য পত্রিকার প্রথম যুগ্ম সম্পাদক ছিলেন। সম্ভবত ১৩১৯বঙ্গাব্দে, এছাড়া ও অমূল্যচরণ সম্পাদিত সাহিত্য সংস্কৃতি বিষয়ক পত্রিকাগুলি হল ‘সঙ্কল্প’ (মাসিক পত্রিকা ১৩২১বঙ্গাব্দ), ‘মর্মবাণী’ (সাপ্তাহিক পত্রিকা, যুগ্ম সম্পাদক ১৩২২বঙ্গাব্দ), ‘শ্রীগৌরান্দ্র সেবক’ (মাসিক ১৩২৫বঙ্গাব্দ), ‘পঞ্চপুষ্প’ (মাসিক ১৩৩৬বঙ্গাব্দ)